JUN. 25 2002

যুগান্তর

তারিখ ..........
পৃষ্ঠা ১৫ কলাম ..........

# বঙ্গবন্ধু শেখ মুজিব হল থেকে দু'পতিতাসহ চারজন গ্রেফতার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

পতিতার সঙ্গে অসামাজিক কার্যকলাপরত অবস্থায় চারজনকে পুলিশ গ্রেফতার করেছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের একজন আবাসিক শিক্ষকের বাসা থেকে গতকাল ভোররাতে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হচ্ছেন ওই শিক্ষকের ছোট ভাই আবুল কালাম আজাদ, গার্মেন্টস কর্মী পরিচয় দানকারী পতিতা ফুলবানু ও আসমা এবং দালাল সাজ্জাদ হোসেন রুবেল। আজাদ সম্প্রতি বুয়েট থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি লাভ করেছে। তার গ্রামের বাড়ি চাঁদপুরের মতলব থানায়। ওই শিক্ষক একটি সেমিনারে অংশ নেয়ার জন্য এখন নরওয়েতে।

হল সূত্র জানিয়েছে, রোববার গভীর রাতে সাজ্জাদ হোসেন রুবেল নামে পতিতার দালাল আসমা ও ফুলবানুকে নিয়ে হলের দক্ষিণ ব্লকের দোতলায় আবাসিক শিক্ষকের বাসা খুঁজতে হলে আসে। দায়িত্বরত কর্মচারী খলিল তাদের আগমনের কারণ জানতে চাইলে তারা টিভি দেখতে ওই বাসায় যাবে বলে জানায়। খলিল তাদের বাসা পর্যন্ত এগিয়ে দেন।

পরে এ নিয়ে তিনি ছাত্রদের সঙ্গে আলাপ করলে সবার মনে সন্দেহ জাগে। খবর পেয়ে হল প্রভোস্ট মোঃ মাহফুজুল ইসলাম রাত ৪টায় হলে আসেন। পরে তিনি কয়েকজন আবাসিক শিক্ষক নিয়ে ওই বাসায় যান। আবুল কালাম আজাদ দরজা খুলে দিলে শিক্ষকরা তার বিছানায় ফুলবানু ও আসমাকে দেখতে পান। রুবেল অন্য কক্ষে ঘুমাচ্ছিল। জিজ্ঞাসাবাদ করে শিক্ষকরা তাদের অসামাজিক কার্যকলাপ সম্পর্কে নিশ্চিত হন এবং তাদের পুলিশের হাতে তুলে দেন। হল কর্তৃপক্ষ এ ব্যাপারে